গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এসইডিপি/ এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/৯৭ — তারিখ:০৭.০৬.২০২৬ খ্রি.

**বিষয়: সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২৬ সালে ভর্তিকৃত ৯ম ও ৯ম মাদ্রাসা (বিশেষ ক্ষেত্রে) এবং ২০২৫-২৬ সেশনের একাদশ/সমমান শ্রেণির (যদি থাকে) উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের HSP-MIS এ তথ্য এন্ট্রি সংক্রান্ত।**

সূত্র: ক) সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ০২.০২.২০২৬ তারিখের এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০/১৯ নম্বর স্মারক;
খ) সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ১৬.০৪.২০২৬ তারিখের এইচএসপি/ মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫৮ নম্বর স্মারক;

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির সংশোধিত ম্যানুয়াল অনুযায়ী ২০২৬ সালে ভর্তিকৃত ৯ম ও ৯ম মাদ্রাসা (বিশেষ ক্ষেত্রে) এবং ২০২৫-২৬ সেশনের একাদশ/সমমান শ্রেণির শিক্ষার্থীদের ২২/০২/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম অনুযায়ী তথ্য সংগ্রহ, সংশ্লিষ্ট অফিস কর্তৃক তথ্যাদি যাচাই-বাছাইপূর্বক সুপারিশযোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুতের জন্য সূত্রস্থ স্মারকে পত্র প্রেরণ করা হয়।

০২। উল্লেখ্য, ইতোমধ্যে ৬ষ্ঠ ও একাদশ/সমমান শ্রেণির এন্ট্রি কার্যক্রমের নির্ধারিত সময় গত ২২.০৫.২০২৬ খ্রি. তারিখ শেষ হয়েছে। কিন্তু একাদশ শ্রেণির এন্ট্রি কার্যক্রম নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। বর্ণিত কারণে ৯ম ও একাদশ/সমমান শ্রেণির সুপারিশযোগ্য শিক্ষার্থীদের তথ্য HSP-MIS সফটওয়্যারে এন্ট্রির বিষয়ে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। ২০২৬ সালে ভর্তিকৃত ৯ম ও ৯ম মাদ্রাসা (বিশেষ ক্ষেত্রে) এবং ২০২৫-২৬ সেশনের একাদশ/সমমান শ্রেণির (যদি থাকে) উপবৃত্তির জন্য তথ্য এন্ট্রির কার্যক্রম আগামী ০৮.০৬.২০২৬ তারিখ থেকে শুরু করে ১৩.০৬.২০২৬ তারিখের মধ্যে HSP-MIS সফটওয়্যারে নির্ভুলভাবে এন্ট্রি করে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে (USEO তে পাঠান) উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে। **উল্লেখ্য যে, ৯ম শ্রেণির শিক্ষার্থী যারা উপবৃত্তি কর্মসূচি বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৮ম শ্রেণি পাস করে নতুন ভর্তি হয়েছে তারাই শুধুমাত্র আবেদন করতে পারবে।** শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক HSP-MIS এ তথ্য এন্ট্রি এবং প্রেরণ সুবিধাটি ১৩.০৬.২০২৬ তারিখ রাত ১০ টায় স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।

০৪। সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা উপজেলা/মেট্রোপলিটন পর্যায়ে গঠিত উপদেষ্টা কমিটির সভা আয়োজন পূর্বক HSP-MIS সফটওয়্যারের মাধ্যমে উপজেলা/থানায় প্রাপ্ত শিক্ষার্থীদের তথ্যাদি যাচাই-বাছাই করে সুপারিশকৃত শিক্ষার্থীদের তথ্য আগামী ১৪.০৬.২০২৬ তারিখের মধ্যে সফটওয়্যারের নির্ধারিত অপশন ব্যবহার করে HSP/PMEAT-এ প্রেরণ করতে হবে।

০৫। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ এতদসংক্রান্ত সকল কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা দায়ী থাকবেন।

০৬। হেল্প লাইন নম্বর: অফিস চলাকালীন সময়ে সকাল ০৯.০০ ঘটিকা থেকে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত (মোবাইল নং- ০১৩১৬৬৫৮২৩০ ও ০১৩১৬৬৫৮৫২৯) যোগাযোগ এবং এন্ট্রিকালীন সময়ে কোন সমস্যার উদ্ভব হলে উক্ত সমস্যার Screenshot নিয়ে বর্ণিত দুইটি নম্বরের যেকোন একটি নম্বরে Whatsapp Message প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৭/০৬/২৬

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। জাতীয় কর্মসূচি পরিচালক, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ।
০৮। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (পত্রের আলোকে HSP-MIS এ যথাযথ পদক্ষেপ গ্রহণ এবং এন্ট্রি চলাকালীন সময়ে HSP-MIS পরিবীক্ষণের অনুরোধসহ)।
০৯। সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সভাপতি উপজেলা উপদেষ্টা কমিটি, (সকল) উপজেলা।
১৩। জেলা শিক্ষা অফিসার, (সকল) জেলা।
১৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
১৫। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির অপশন চালু করার অনুরোধসহ)।